# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2018**
**THIRD YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**

Date : 17/12/2018
Time : 11 am – 3 pm
Paper : V
Full Marks : 100

১। বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে রামমোহন রায়ের অবদান আলোচনা করো। ১০

**অথবা,**

প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা গদ্য সাহিত্যকে যেভাবে বৈচিত্র্যময় করেছেন — সে বিষয়ে আলোচনা করো।

২। 'বঙ্গদর্শন' পত্রিকা বাংলা সাময়িক পত্রের ইতিহাসে কেমনভাবে স্বতন্ত্র অবদান রেখেছে তা আলোচনা করো। ১০

**অথবা,**

'কবিতা' পত্রিকা প্রকাশের উদ্দেশ্য কী ছিল? বিশ শতকের প্রথমার্ধে প্রকাশিত অন্যান্য পত্রিকাগুলির তুলনায় 'কবিতা' পত্রিকার স্বাতন্ত্র্যের দিকগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। 'সাজাহান' নাটকে ঔরঙ্গজেবের চরিত্রটি বিশ্লেষণ করে চরিত্রটির বৈশিষ্ট্যগুলো তুলে ধরো। ১০

**অথবা,**

ট্রাজেডি কাকে বলে? 'সাজাহান' নাটকটি কি ট্রাজেডি হিসাবে সার্থক হয়েছে — এ বিষয়ে তোমার মতামত দাও।

৪। বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ কোথায় অবস্থিত ছিল? এই রঙ্গমঞ্চটির বিকাশে এর প্রাণপুরুষ কী কী ব্যবস্থা গ্রহণ করেছিলেন — সে বিষয়ে আলোচনা করো। ১+৯

**অথবা**

নাট্যনিয়ন্ত্রণ আইন কখন কেন কারা জারি করেছিল? আমাদের দেশের জাতীয়তাবাদী চেতনার কণ্ঠরোধ করতে এই আইনটির কার্যকারিতা ও বিফলতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫

৫। 'রাজা' নাটকে নারী চরিত্র রচনায় নাট্যকারের কৃতিত্ব বিষয়ে আলোচনা করো। ১০

**অথবা**

'এই নাটকে দুটি রাজা আছেন, এক রাজা যাঁহার নাম অনুসারে বইখানির নামকরণ, দ্বিতীয় ঋতুর রাজা বসন্ত।' — দুই রাজার মধ্যে ভাবের ঐক্য কীভাবে নাটকে রক্ষিত হয়েছে — আলোচনা করো। ১০

৬। আধুনিকতা বলতে কী বোঝ? বাংলা কাব্যে আধুনিকতার আবির্ভাব ও লক্ষণ সম্পর্কে আলোচনা করো। ২+৮

**অথবা**

কবি সুকান্ত ভট্টাচার্য বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কেমনভাবে প্রতিবাদের মশাল জ্বালিয়ে স্বতন্ত্র এক ক্ষেত্র প্রস্তুত করেছিলেন তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

৭। বিষ্ণু দে রচিত 'দামিনী' কবিতার জীবন ভাবনা বিষয়ে আলোচনা করো। ১০

**অথবা**

দীনেশ দাস ''কাস্তে'' কবিতায় কেন তাঁর সমকালকে 'চাঁদের শতক' বলে মনে করেননি, কেনই বা তিনি 'কাস্তেতে শান' দিতে বলেছেন এবং তাঁর আহ্বান কাদের জন্য তা কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

৮। ''বিড়াল'' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের যে সমাজতাত্ত্বিক দৃষ্টিভঙ্গী প্রকাশিত হয়েছে সে বিষয়ে আলোচনা করো। ১০

**অথবা**

'পরিব্রাজক' গ্রন্থের নির্বাচিত অংশ অবলম্বনে চরম শ্রেয়োবোধে বিশ্বাসী সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের জীবনদৃষ্টিভঙ্গীর পরিচয় দাও। ১০

৯। সমস্ত প্রশ্নের উত্তর দিতে হবে। উত্তর পূর্ণবাক্যে লিখতে হবে। (১×২০)

ক) 'অভেদী' কার রচনা? কোন শ্রেণির রচনা এটি?

খ) 'বেদান্ত গ্রন্থ' কখন কে লিখেছিলেন?

গ) 'সভ্যতার সংকট' কোন শ্রেণির রচনা? রচনাকার কে?

ঘ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রকাশকাল কখন? এই পত্রিকার প্রথম সম্পাদক কে?

ঙ) 'সমাচার দর্পণ' কার সম্পাদনায় কখন প্রথম প্রকাশিত হয়?

চ) বাঙালির উদ্যোগে ও সম্পাদনায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্রের নাম লেখো।

ছ) 'ধনধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা' — গানটি কোন নাটকের কোন অঙ্কে ও কোন দৃশ্যে রয়েছে?

জ) 'সাজাহান' নাটকে ইতিহাসকল্পিত দুটি নারী চরিত্রের নাম লেখো।

ঝ) 'সাজাহান' নাটকের ঐতিহাসিক কাহিনী নাট্যকার কোন গ্রন্থ অবলম্বনে রচনা করেছেন।

ঞ) 'আমাদের নটরাজ তুমি, তোমাকে খুঁজে বেড়াচ্ছিলুম।'— বক্তা কে?

ট) 'লজ্জা যে আগুনের মতো আমার সঙ্গে সঙ্গে এসেছে।' — বক্তা কে?

ঠ) আশুতোষ দেবের ডাকনাম কী ছিল?

ড) বাগবাজার অ্যামেচার থিয়েটারের দুজন অভিনেতার নাম লেখো।

ঢ) কবি অমিয় চক্রবর্তীর জন্ম ও মৃত্যু কখন?

ণ) 'বন্দীর বন্দনা' কাব্যগ্রন্থের লেখক কে?

ত) 'অনেক ঘুরেছি আমি; বিম্বিসার অশোকের ধূসর জগতে।' — বিম্বিসার কে?

থ) 'উত্তর ফাল্গুনী' ও 'দশমী' কাব্যগ্রন্থের লেখকের নাম লেখো।

দ) 'কমলাকান্তের দপ্তর' — গ্রন্থের রচনাকাল উল্লেখ করো।

ধ) জীবনানন্দ দাশের লেখা শেষ কাব্যগ্রন্থের নাম লেখো।

ন) 'সুনন্দর জার্নাল' প্রথম কোথায় কীভাবে প্রকাশিত হয়?

—————— × ——————